

## নর্থ সাউথের শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে ট্রাস্টির মতবিনিময়

### যুগান্তর প্রতিবেদন

সম্প্রতি বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড ভেঙে দিয়ে ১২ সদস্যের বোর্ড পুনর্গঠন সংক্রান্ত আদেশের কার্যকারিতা স্থগিত করেছেন হাইকোর্ট। এরপর বাদ পড়া আগের ট্রাস্টির সদস্যরা বিশ্ববিদ্যালয়ে নিয়মিত হচ্ছেন। বৃহস্পতিবার ট্রাস্টির সদস্যদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও

শিক্ষকদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম আরও সক্রিয়ভাবে পরিচালনাসহ নানা বিষয়ে আলোচনা হয়। এ সময় উপস্থিত ছিলেন আগের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, সদস্য আজিজ আল কায়সার, এম এ কাশেমসহ অন্যান্য সদস্য। এতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারসহ বিভিন্ন দপ্তরে কর্মকর্তারা ও ফ্যাকালটি মেম্বার এবং অনুষদের ডিনরা অংশ নেন।

আজিজ আল কায়সার বলেন, এ বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে ফ্যাকালটি মেম্বারসহ সবার সহযোগিতা দরকার। তাই বিশ্ববিদ্যালয়ের একটা মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। এছাড়া বন্যায় অনেকেই ক্ষতিগ্রস্ত হয়েছে। বিশ্ববিদ্যালয় থেকে তাদের জন্য সহায়তা করার জন্য একটা বাজেট ঠিক করা হয়েছে। শিক্ষার্থীদের মাধ্যমে এ ত্রাণ সহায়তা পৌঁছে দেওয়া হবে। চেয়ারম্যান সঙ্গে আলাপ করে ট্রেজারার এ বাজেট পাশ করেন।

